

I.T.I ভর্তি সংক্রান্ত নির্দেশাবলী -

নূন্যতম যোগ্যতা : * প্রার্থীকে অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে দশম শ্রেণী উত্তীর্ণ হতে হবে ।

* ওয়েল্ডার (Welder) ট্রেডের ক্ষেত্রে অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে অষ্টম শ্রেণী উত্তীর্ণ হতে হবে ।

নিম্নলিখিত প্রার্থীরা আবেদন যোগ্য নয় -

* যে সকল প্রার্থী অঙ্ক এবং বিজ্ঞান বিষয় দুটি নিয়ে দশম শ্রেণী উত্তীর্ণ হয়েছে তারা আবেদনের যোগ্য, এই দুটি বিষয় ছাড়া দশম শ্রেণীর উত্তীর্ণ প্রার্থী আবেদনের যোগ্য নয় ।

* যে সকল প্রার্থী ITI উত্তীর্ণ/অনুত্তীর্ণ বা কোর্সটি অসম্পূর্ণ করেছে তারা যদি পুনরায় ITI কোর্সে ভর্তি হতে চায়, তাহলে নিজের ITI প্রতিষ্ঠানে ৩ বছর বাদ দিয়ে এবং অন্য ITI প্রতিষ্ঠানে ১ বছর বাদ দিয়ে ভর্তি হতে পারবে ।

* যে সকল প্রার্থী AICTE এর অধীনে Diploma Engg. বা B.E./B.Tech Engg. পাস করেছে তারা আবেদন যোগ্য নয় ।

* প্রার্থী যদি ITI কোর্স চলাকালীন একই সঙ্গে অন্য কোন কোর্স করতে ইচ্ছুক হয় তবে তার আবেদন গ্রহন যোগ্য নয় ।

বয়সসীমা : প্রার্থীকে অবশ্যই পুরুষ হতে হবে এবং বয়স নূন্যতম ১৪ বছর (১লা আগস্ট ২০২০) হতে হবে । আমাদের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ২২ বছর ।

লিঙ্গ : কেবল মাত্র পুরুষ প্রার্থী ।

শারীরিক যোগ্যতা : * প্রার্থীর যদি বর্ণান্ধতা, চর্ম রোগ, হার্টের সমস্যা, দীর্ঘ মেয়াদী অসুখ বা শারীরিক অক্ষমতা থাকলে তার ভর্তির আবেদন গ্রহন যোগ্য নয় ।

* প্রার্থী যদি শারীরিক দিক থেকে দুর্বল, মুঁচ্ছা যাওয়া বা মানসিক বিকারগ্রস্থ হয়, তবে তার ভর্তির আবেদন গ্রহন যোগ্য নয় ।

ভাষা : প্রার্থীর ইংরাজী জানা বাঞ্ছনীয় ।

আসন সংরক্ষণ : রামকৃষ্ণ মিশন শিল্পবিদ্যালয় (পূর্বতন শিল্পায়তন) থেকে উচ্চমাধ্যমিক ভোকেশনাল কোর্সে দ্বাদশ শ্রেণী উত্তীর্ণ ছাত্রদের ক্ষেত্রে প্রতিটি ট্রেডে একটি করে আসন সংরক্ষিত ।

দ্রষ্টব্য : পশ্চিমবঙ্গের বাইরের বিদ্যালয় থেকে দশম শ্রেণী উত্তীর্ণ প্রার্থীরা ভর্তির আবেদন করবেন না ।